

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৭৫৩ ২৭/ শিষ্টাচার (کتاب الأدب) পরিচ্ছেদঃ ২৭/৪০. কিসসা-কাহিনী

بَابِ الْقَصِيَصِ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا الْهِقْلُ بْنُ زِيَادٍ، حَدَّثَنَا الأَّوْزَاعِيُّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَامِرٍ الأَسْلَمِيِّ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " لاَ يَقُصُّ عَلَى النَّاسِ إِلاَّ أَمِيرٌ أَوْ مَأْمُورٌ أَوْ مُرَاءٍ " .

বাংলা

১/৩৭৫৩। আমর ইবনে শুআইব (রাঃ) থেকে পর্যায়ক্রমে তার পিতা ও তার দাদার সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ শাসক অথবা তার অধীনস্থ কর্মচারী অথবা ফেরেববাজরাই মানুষের মধ্যে কিচ্ছা-কাহিনী বলে বেড়ায়।

English

It was narrated from Amr bin Shuaib, from his father, from his grandfather, that the Messenger of Allah(ﷺ) said:

"No one tells the stories to the people (for the purpose of exhortation) except a ruler, one appointed by a ruler, or a show-off."

ফুটনোট

আহমাদ ৬৬২৩, ৬৬৭৬ দারেমী ২৭৭৯, রাওদুন নাদীর ৫৯৬, মিশকাত ২৪১, ২৪২। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবদুল্লাহ বিন আমির আল-আসলামী সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু বকর আল-বায়হাকী ও আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইমাম বুখারী বলেন, তার হিফযের বিষয় নিয়ে সমালোচনা রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৩৫৫, ১৫/১৫০ নং পৃষ্ঠা)



উক্ত হাদিসটি সহীহ কিন্তু আবদুল্লাহ বিন আমির আল-আসলামী এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ৭১ টি শাহিদ হাদিস রয়েছে। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ আবু দাউদ ৩৬৬৫, দারিমী ২৭৭৯, আহমাদ ৬৬২৩, ৬৬৭৬, ১৭৫৮৮, ২৩৪৫১, ২৩৪৫৩, ২৩৪৮৪, মু'জামুল আওসাত ৯৭৬, ৪০৬২, ৪৩৮৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন